অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

করোনাভাইরাসের ব্রিফিঙের সময় গভর্নর কুওমো হাসপাতালের সক্ষমতা বৃদ্ধির জন্য একজিকিউটিভ অর্ডার জারি করেন

রাজ্য ন্যাশানাল গার্ড, বিল্ডিং ইউনিয়ন এবং বেসরকারি ডেভেলপারদের সংগঠিত করে বিদ্যমান ভবনগুলিকে মূর্তযোগ্য ভবন হিসেবে চিহ্নিত করার জন্য যাতে সেগুলি চিকিৎসার স্থান হিসেবে রুপান্তর করার যায় – 9,000 অতিরিক্ত শয্যা তৈরির লক্ষ্যে পৌঁছনোর জন্য।

কাল থেকে শুরু করে রাজ্যের অপরিহার্য নয় এমন কর্মীদের বাড়ি থেকে কাজ করার জন্য নির্দেশ দিয়েছেন

স্থানীয় সরকারকে 50 শতাংশ করে জনবল কমাতে এবং অপরিহার্য নয় এমন কর্মীদের বাড়ি থেকে কাজ করার নির্দেশ দিয়েছেন

নিউ ইয়র্ক স্টেটে, নাসাউ, সাফোক, ওয়েস্টচেস্টার, এবং রকল্যান্ডে, মধ্যরাতের মধ্যে এবং চূড়ান্তভাবে রাজ্যের দ্বারা অনুমোদিত পরিচর্যা, শিক্ষা সেবা, খাবার কর্মসূচি থাকতে হবে

স্টেট ড্রাইভ-থ্রু ভ্রাম্যমাণ পরীক্ষণের ব্যবস্থা খুলবেন স্ট্যাটেন আইল্যান্ডে – নিউ ইয়র্ক সিটিতে - এবং রকল্যান্ড কাউন্টিতে প্রথম

নিউ ইয়র্ক স্টেট রাজ্য, স্থানীয় এবং কাউন্টি পার্কে সব পার্কিং ফি মাফ করবে

একটি নভেল করোভাইরাস ব্রিফিঙের সময় গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি একজিকিউটিভ অর্ডার জারি করেছেন রাজ্যের হাসপাতালের সক্ষমতা বৃদ্ধি করার জন্য যাতে রাজ্যের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে প্রস্তুত করা যায় সম্ভাব্য COVID-19 এর রোগিদের অন্তঃপ্রবাহ সামলানো যায়।

রাজ্য ন্যাশানাল গার্ডকে সংগঠিত করবে এবং বিল্ডিং ইউনিয়নগুলি এবং বেসরকারী ডেভেলপারদের সাথে কাজ করবে বিদ্যমান স্থান খুঁজে বের করার জন্য -- যেমন ডরমিটরি এবং সাবেক নার্সিং হোম -- যা অতি সহজেই চিকিৎসার স্থানে রূপান্তরিত করা যেতে পারে, অতিরিক্ত 9,000 শয্যা তৈরি করার লক্ষ্য অর্জন করার জন্য। এছাড়াও গভর্নর স্থানীয় সরকারগুলোকে, অনুরোধ করেন, যাতে তারা এই কাজের জন্য সহজলভ্য সুবিধা সনাক্ত করতে সাহায্য করেন, বিশেষ করে সব চেয়ে

প্রভাবিত এলাকাগুলিতে। বিদ্যমান হাসপাতালগুলোকে স্থান ও সক্ষমতা বৃদ্ধির সুযোগ দিতে রাজ্য স্বাস্থ্য দপ্তর (State Department of Health) নিয়মকানুনও স্থগিত রাখছে।

গভর্নর গ্রেটার নিউ ইয়র্ক হসপিটাল অ্যাসোসিয়েশনের (Greater New York Hospital Association) প্রেসিডেন্ট কেন রাসকে এবং নর্থওয়েল হেলথের (Northwell Health) প্রেসিডেন্ট মাইকেল ডাউলিংকে হাসপাতালে ভর্তির চাপ বাড়লে সেই সক্ষমতা সামলানোর জন্য একটি পরিষদের নেতৃত্ব দিতে অনুরোধ করেছেন।

"আমাদের প্রধান অগ্রাধিকার এখন এই ভাইরাস ছড়ানোর হার হ্রাস করা যাতে এটি আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার দ্বারা নিয়ন্ত্রিত হতে পারে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা কখনোই এই সম্ভাব্য পরিণতি সহ কোন ভাইরাসের সাথে লড়িনি, এবং আমি আমাদের রাজ্য জুড়ে বিভিন্ন হাসপাতালে সক্ষমতা বাড়াতে এবং ক্ষমতা বৃদ্ধির জন্য আমি একটি একজিকিউটিভ পদক্ষেপ গ্রহণ করছি যাতে স্বাস্থ্যসেবা সুবিধাগুলি সম্ভাব্য বিশাল পরিমাণে রোগীর চাপ সামলাতে পারে তা নিশ্চিত করার জন্য। আমরা এই ভাইরাসের বিরুদ্ধে যুদ্ধ লড়ছি এবং রাজ্য এই ভাইরাসের প্রভাব সম্পর্কে প্রস্তুতি নিতে এবং তা প্রশমিত করতে প্রয়োজনীয় প্রতিটি পদক্ষেপ গ্রহণ করা অব্যাহত রাখব।"

কাল থেকে শুরু করে বাড়ি থেকে কাজ করার জন্য রাজ্যের অপরিহার্য নন এমন কর্মীদের নির্দেশ দিয়েছেন গভর্নর। গভর্নর স্থানীয় সরকারগুলিকে নির্দেশ দিয়েছেন, তাদের সার্বিক জনবল 50 শতাংশ হ্রাস করতেএবং অপরিহার্য নয় এমন কর্মীদের বাড়ি থেকে কাজ করার সুযোগ করে দিতে।

গতকাল নিউ ইয়র্ক সিটি, নাসাউ এবং সাফোকে স্কুল বন্ধ রাখার জন্য গভর্নরের নির্দেশের পর গভর্নর বলেন, কাউন্টিগুলিকে রাজ্যের কাছে তাদের শিশু পরিচর্যা এবং খাবারের পরিকল্পনা জমা দিতে হবে অনুমোদনের জন্য আজ মধ্যরাতের মধ্যে।

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট, রাজ্য, স্থানীয় এবং কাউন্টি পার্কের জন্য সব ফি মাফ করবেন।

উপরন্তু, গভর্নর রাজ্যকে অনুমতি প্রদান করে একটি ড্রাইভ-থ্রু মোবাইল পরীক্ষণ ব্যবস্থা খোলার জন্য স্ট্যাটেন আইল্যান্ডে - যা নিউ ইয়র্ক সিটিতে এবং রকল্যান্ড কাউন্টিতে প্রথম ড্রাইভ-থ্রু সুবিধা-। এটি 13 মার্চ খোলা নিউ রোশেলে খোলামোবাইল টেস্টিং সেন্টারের সাফল্য অনুসরণ করে হয়। ড্রাইভ-থ্রু মোবাইল টেস্টিং সুবিধা সেই সব অসুস্থ বা করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকিপূর্ণ মানুষদের স্বাস্থ্যসেবা সুবিধাগুলি থেকে দূরে রাখতে সাহায্য করে যেখানে তারা অন্য মানুষদের সংক্রমিত করতে পারেন। এই সুবিধাগুলি গভর্নরের জাতি-নেতৃত্ব স্থানীয় কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অংশ, যা এই সপ্তাহের মধ্যে COVID-19 এর জন্য প্রতিদিন কয়েক হাজার মানুষকে পরীক্ষা করবে।

কংগ্রেসম্যান ম্যাক্স রোজ বলেন, "এমন এক পদ্ধতিতে পরীক্ষার ব্যবস্থা সম্প্রসারণ করা গুরুত্বপূর্ণ যা আমাদের হাসপাতাল এবং স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থাগুলিকে অভিভূত করে তুলবে না।

ড্রাইভ-থ্রু টেস্টিং সেটি করার একটি প্রমাণিত উপায় এবং আমি আমাদের সাথে কাজ করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই স্ট্যাটেন আইল্যান্ডকে শহরের প্রথম সাইট করার জন্য। এই ধরনের সিদ্ধান্তমূলক পদক্ষেপ হল সেই পদক্ষেপ যা আমাদের নির্বাচন কেন্দ্রের সদস্যরা আমাদের নেতাদের কাছে আশা করেন এবং আমি গভর্নরের সাথে কাজ করে যাব নিশ্চিত করতে যে নিউ ইয়র্কবাসীদের কাছে প্রতিটি সংস্থান উপলভ্য যা প্রয়োজন এই মহামারীকে পরাভূত করার জন্য।"

গভর্নর আরও দৃঢ়ভাবে পরামর্শ দিয়েছেন, শুধু প্রয়োজনীয় সেবা ও ব্যবসাসমূহ যেমন -মুদিখানা, গ্যাস স্টেশন, ফার্মেসি ও চিকিৎসা সুবিধাগুলি -রাত ৪টার পর খোলা থাকবে। আজ এর আগে, গভর্নর কুওমো, নিউ জার্সির গভর্নর ফিল মার্ফি এবং কানেকটিকাটের গভর্নর নেড ল্যামন্ট ত্রি-রাষ্ট্র এলাকা জুড়ে COVID-19 এর মোকাবেলায় আঞ্চলিক পদ্ধতি অবলম্বন করার কথা ঘোষণা করেছেন, যার মধ্যে রয়েছে সামাজিক ও বিনোদনমূলক সমাবেশের জন্য ক্রাউড ক্যাপাসিটি 50 জন মানুষে সীমিত করা অভিন্নভাবে, এবং সমস্ত রেস্টুরেন্ট এবং বারগুলি সাময়িকভাবে তাদের পরিসরে বসে খাওয়ার ব্যবস্থা স্থগিত করা বাধ্যতামূলক করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন